



ডিন অফিস  
বিজ্ঞান অনুষদ  
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Tel : 5861 4919  
PABX : 9661900-72/4344, 4345  
E-mail : deansc@du.ac.bd

নং- বি: অনু:/ /২০১৭-২০১৮

তারিখ : ১২ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ  
২৮ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি-১

**‘বিজ্ঞান ইউনিট ভর্তি পরীক্ষা: ২০১৭-২০১৮**

গত ০৮ ডিসেম্বর ২০১৭ তারিখ শুক্রবার অনুষ্ঠিত ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভিভুক্ত সরকারী ৭টি কলেজের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির এবং পাস কোর্সের ‘বিজ্ঞান ইউনিটের’ ভর্তি পরীক্ষার ফলাফল গত ১২/১২/২০১৭ তারিখ প্রকাশ করা হয়েছে। ফলাফল [www.7college.du.ac.bd](http://www.7college.du.ac.bd) ওয়েব সাইট থেকে জানা যাবে।

নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে:

- ১। প্রকাশিত ‘বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষার (ফলাফল) উত্তরপত্র নিরীক্ষার জন্য কোনো প্রার্থী আগ্রহী হলে, ১০০০/- (এক হাজার) টাকা নিরীক্ষা ফিস অগ্রণী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় ‘Science Unit Admission’ শিরোনামের হিসাব নং **CD-0200011201548** -তে জমা দিয়ে টাকা জমার রশিদ, ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের অনুলিপি সহ ‘ডিন, বিজ্ঞান অনুষদ এবং সমন্বয়কারী বিজ্ঞান ইউনিট ভর্তি- ২০১৭-২০১৮, ঢাকা বিশ্ববিদ্যালয়’-এর বরাবর দরখাস্ত লিখে আগামী ২১/১২/২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অনুষদের ডিনের অফিসে দরখাস্ত জমা দিতে হবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরত দেওয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেওয়া হবে। এতদসংক্রান্ত ফলাফল আগামী ২৪/১২/২০১৭ তারিখে অনুষদ অফিসে প্রকাশ করা হবে।
- ২। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ মুক্তিযোদ্ধার কোটা (সন্তান, নাতি-নাতনি, উপজাতি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) ও খেলোয়াড় (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বিকেএসপি থেকে এইচ.এস.সি. পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা) কোটায় ভর্তি হতে আগ্রহী প্রার্থীদেরকে ২১/১২/২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কোটার ফরম বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে উক্ত সময়সীমার মধ্যে যথাযথভাবে পূরণ করে অফিস চলাকালীন সময়ে অনুষদের ডিন অফিসে জমা দিতে হবে।
- ৩। প্রার্থীদের ২৪/১২/২০১৭ তারিখের মধ্যে ওয়েবসাইটে Choice Form পূরণ করে সাবমিট করতে হবে। উক্ত সময়ের পরে এতদসংক্রান্ত বিষয়ে করণীয় বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে। প্রার্থীকে নিজ দায়িত্বে অনুষদের নোটিশ বোর্ড অথবা ওয়েবসাইটের মাধ্যমে তা জেনে নিতে হবে।

স্বাক্ষরিত/

প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল আজিজ

ডিন, বিজ্ঞান অনুষদ এবং

সমন্বয়কারী, বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৭-২০১৮

ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং- বি: অনু: /২০১৭-২০১৮

তারিখ: ১২/১২/২০১৭

সদয় অবগতির জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো।

(১) ডীন, জীববিজ্ঞান অনুষদ এবং যুগ্ম-সমন্বয়কারী ‘বিজ্ঞান ইউনিট’ ভর্তি, ঢাঃ বিঃ, (২) অধ্যক্ষ, ঢাকা কলেজ, (৩) অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, (৪) অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, (৫) অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারী মহিলা কলেজ, (৬) অধ্যক্ষ, সরকারি শহীদ মোহরাওয়ার্দী কলেজ, (৭) অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, (৮) অধ্যক্ষ, সরকারী তিতুমীর কলেজ।

প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল আজিজ

ডিন, বিজ্ঞান অনুষদ এবং

সমন্বয়কারী, বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৭-২০১৮

ঢাকা বিশ্ববিদ্যালয়